# নির্বাচন প্রশ্নে প্রতিবেশি দেশের নসিহত মানা হবে না: পররাষ্ট্র উপদেষ্টা




সংগৃহীত ছবি

বাংলাদেশের নির্বাচন নিয়ে প্রতিবেশী দেশের পরামর্শ গ্রহণযোগ্য নয় বলে স্পষ্ট অবস্থান জানিয়েছেন পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেন। তিনি বলেন, এ বিষয়ে সরকারের সিদ্ধান্ত সার্বভৌম ও অভ্যন্তরীণ বিষয় হিসেবে বিবেচিত হবে।

বুধবার (১৭ ডিসেম্বর) পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেন বলেন, নির্বাচন ইস্যুতে প্রতিবেশী রাষ্ট্রগুলোর উপদেশ বা চাপ বাংলাদেশ গ্রহণ করবে না। এ ধরনের নসিহতকে তিনি সম্পূর্ণ অগ্রহণযোগ্য বলে উল্লেখ করেন।

দিল্লিতে বাংলাদেশের হাইকমিশনারকে তলব করার ঘটনাকে স্বাভাবিক কূটনৈতিক প্রক্রিয়া হিসেবে আখ্যা দিয়ে তিনি জানান, ঢাকা-দিল্লি সম্পর্কের মধ্যে আগে থেকেই কিছু টানাপোড়েন রয়েছে। এ ঘটনায় নতুন কোনো মাত্রা যোগ হয়েছে কি না, তা এখনই নিশ্চিত করে বলা যাচ্ছে না।

তিনি আরও বলেন, ভারতের সঙ্গে কূটনৈতিক সম্পর্কের অংশ হিসেবে বাংলাদেশ মিশন ছোট করার বিষয়ে সরকার বর্তমানে কোনো সিদ্ধান্ত নেয়নি। তবে পরিস্থিতির প্রয়োজন হলে সে ধরনের পদক্ষেপ বিবেচনায় আনা হতে পারে।

এ সময় তারেক রহমানের দেশে ফেরার বিষয়ে প্রশ্নের জবাবে পররাষ্ট্র উপদেষ্টা জানান, মঙ্গলবার রাত পর্যন্ত তিনি বাংলাদেশে আসার জন্য কোনো ট্রাভেল পাস বা প্রয়োজনীয় নথির আবেদন করেননি। পাশাপাশি হাসনাত আবদুল্লাহর পদত্যাগের দাবিকে সরকারের অবস্থান নয় বলেও স্পষ্ট করেন তিনি।

LENS ASIA